অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/28/2020 গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

গভর্নর কুওমো ঘোষণা করেছেন যে তিনটি অতিরিক্ত স্টেট, পুয়ের্তো রিকো এবং ওয়াশিংটন ডিসি থেকে নিউ ইয়র্কে ভ্রমণকারী ব্যক্তিদের 14 দিনের জন্য কোয়ারেন্টিনে থাকতে হবে

ইলিনয়, কেনটাকি, মিনেসোটা, পুয়ের্তো রিকো এবং ওয়াশিংটন ডিসি ভ্রমণ নির্দেশিকার জন্য যোগ্যতা মেট্রিক পূরণ করে বলে ঘোষণা

SLA এবং স্টেট পুলিশ টাস্ক ফোর্স সামাজিক দূরত্ব প্রয়োজনীয়তা লঙ্ঘনের জন্য বিভিন্ন প্রতিষ্ঠান থেকে 26টি অতিরিক্ত লঙ্ঘন পর্যবেক্ষণ করেছে বলে ঘোষণা করেছেন

নিউ ইয়র্কে মেজর লিগ বেসবল দলকে খেলার অনুমতি দেওয়ার প্রস্তাব

কংগ্রেসকে একটি উদ্দীপক প্যাকেজ পাস করার জন্য পুনরায় আহ্বান জানিয়েছেন যার মধ্যে রয়েছে স্টেট এবং স্থানীয় সরকারের জন্য তহবিল।

সাউদাম্পটনে চেইনস্মোকার্স এর কনসার্ট বিষয়ে স্টেটের তদন্ত সম্পর্কে হালনাগাদ তথ্য নিউ ইয়র্কবাসীদের জানিয়েছেন

ইন্টুবেশন রোগীর সর্বনিম্ন সংখ্যা-81-15মার্চ থেকে ন্যূনতম

গতকালের COVID-19 টেস্টের মাত্র 0.93 শতাংশ আক্রান্ত ছিল

গতকাল নিউ ইয়র্ক স্টেটে COVID-19 এর কারণে 9 জনের মৃত্যু হয়েছে

নিউ ইয়র্ক স্টেটে আরো 534 জন করোনাভাইরাসের ঘটনা নিশ্চিত করে - যা স্টেটব্যাপী 38 কাউন্টিতে নতুন আক্রান্তের ঘটনাসহ মোট আক্রান্তের সংখ্যাকে 412,878-তে নিয়ে আসে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে তিনটি অতিরিক্ত স্টেট, পুয়ের্তো রিকো এবং ওয়াশিংটন ডিসি ভ্রমণ সম্পর্কিত সরকারি ঘোষণার যোগ্যতা অর্জনে মেট্রিক্সের মানদণ্ড পূরণ করে, এই সকল স্টেটগুলিতে উল্লেখযোগ্য সাম্প্রদায়িক বিস্তার রয়েছে, এই এলাকাগুলি থেকে নিউ ইয়র্কে যারা ভ্রমণ করেছেন তাদের 14 দিনের জন্য কোয়ারেন্টিনে থাকতে হবে। নতুন সংযোজিত স্টেটগুলো হল ইলিনয়, কেনটাকি এবং মিনেসোটা। কোন স্টেট অপসারণ করা হয়নি। এই কোয়ারেন্টিন একটি এলাকা থেকে আসা যেকোনো ব্যক্তির ক্ষেত্রে প্রযোজ্য, যেখানে 7 দিনের গড় প্রতি 100,000 জন বাসিন্দার মধ্যে পরীক্ষায় আক্রান্তের হার 10 জনের বেশি বা আক্রান্তের হার 7 দিনের গড় 10% বা তার বেশি।

গভর্নর কুওমো এছাড়াও ঘোষণা করেছেন যে যৌথ স্টেট লিকার অথরিটি (State Liquor Authority, SLA) এবং নিউ ইয়র্ক স্টেট পুলিশ টাস্ক ফোর্স গতকাল স্টেটের সামাজিক দূরত্ব প্রয়োজনীয়তার 26টি অতিরিক্ত লঙ্ঘন পর্যবেক্ষণ করেছে। টাস্ক ফোর্স গতরাতে 644টি কমপ্লায়েন্স চেক পরিচালনা করেছে।

গভর্নর পরবর্তী উদ্দীপক প্যাকেজে স্টেট এবং স্থানীয় সরকারের জন্য তহবিল অন্তর্ভুক্ত করার জন্য কংগ্রেসের প্রতি তার আহ্বান নয়াবন করেন।

গভর্নর কুওমো এছাড়াও প্রস্তাব করেছেন যে মেজর লিগ বেসবল দল নিউ ইয়র্কে খেলতে আসতে পারে যদি তারা তাদের নিজ স্টেটে অসুবিধার সম্মুখীন হয়।

"আমাদের কাজ হচ্ছে COVID নিয়ন্ত্রণ করতে সম্ভাব্য সবকিছু করা এবং ভবিষ্যতের সম্ভাব্য সমস্যা অনুমান করা, এবং এ ক্ষেত্রে আমরা যে সমস্যাগুলো দেখি তা হচ্ছে সারা দেশে ছড়িয়ে পড়া সংক্রমণের হার এবং স্টেট জুড়ে আমাদের এখন যে নিয়ম কানুন আছে তা মেনে চলা," **গভর্নর কুওমো বলেন।** "সারা দেশের পরিস্থিতি এখনো খুবই খারাপ এবং আরো অনেক স্টেট আছে যারা কোয়ারান্টাইনের জন্য আমাদের সীমা অতিক্রম করেছে।"

"নিউ ইয়র্ক স্টেটে সংক্রমণের হার যুক্তরাষ্ট্রের মধ্যে সবচেয়ে কম," **গভর্নর কুওমো আরও বলেন।** "আমাদের একটি সম্পূর্ণ স্বাস্থ্য প্রোটোকল ব্যবস্থা আছে, এবং আমি MLB কে প্রস্তাব করছি, যদি আপনাদের অন্য স্টেটে খেলতে সমস্যা হয়, তাহলে এখানে খেলুন- আমরা একটি স্বাস্থ্য প্রোটোকল স্থাপন করব।"

গভর্নর সাউদাম্পটনে একটি কনসার্টের ব্যাপারে স্টেটের তদন্তের বিষয়ে নিউ ইয়র্কবাসীদের হালনাগাদ তথ্য দিয়েছেন যা সংবাদ মাধ্যম এবং সামাজিক মিডিয়ার ব্যাপক মনোযোগ আকর্ষণ করেছে। গতকাল নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য কমিশনার ড. হাওয়ার্ড জুকার 24 ঘন্টার মধ্যে কনসার্ট সম্পর্কে তথ্য চেয়ে সাউদাম্পটন শহরকে একটি চিঠি পাঠিয়েছেন এবং শহরকে উপদেশ দিয়েছেন যে নিউ ইয়র্ক স্টেট একটি তদন্ত পরিচালনা করবে এবং জনস্বাস্থ্য আইন বা বিধিমালা লঙ্ঘনের সাথে জড়িত শাস্তি মূল্যায়ন করবে।

সম্পূর্ণ, হালনাগাদকৃত ভ্রমণ নির্দেশিকা তালিকা নিচে দেওয়া হল:

- Alabama
- Alaska
- Arizona
- Arkansas
- California
- Delaware
- District of Columbia
- Florida
- Georgia
- Idaho
- Illinois
- Indiana
- Iowa
- Kansas
- Kentucky
- Louisiana
- Maryland
- Minnesota
- Mississippi
- Missouri
- Montana
- Nebraska
- Nevada
- New Mexico
- North Carolina
- North Dakota
- Ohio
- Oklahoma
- Puerto Rico
- South Carolina
- Tennessee
- Texas
- Utah
- Virginia
- Washington

- Wisconsin

আজকের তথ্য সংক্ষেপে নিচে তুলে ধরা হলো:

- **রোগী হাসপাতালে ভর্তি** - 648 (+6)
- **সদ্য ভর্তি হওয়া রোগী** - 68
- **হসপিটাল কাউন্টি -** 29
- **ICU সংখ্যা** - 152 (+3)
- **ইন্টুবেশনসহ ICU-তে ভর্তির সংখ্যা** - 81 (-3)
- **মোট ডিসচার্জ** - 72,813 (+47)
- **মৃত্যু** - 9
- **মোট মৃত্যু** - 25,126

গতকাল নিউ ইয়র্ক স্টেটে অনুষ্ঠিত 57,397 জনের পরীক্ষার মধ্যে মাত্র 534 জন বা 0.93 শতাংশ আক্রান্ত রোগী ছিল। গত তিন দিনে প্রতিটি অঞ্চলের পরীক্ষায় আক্রান্তের শতাংশ নিম্নরূপ:

অঞ্চল	শনিবার	রবিবার	সোমবার
Capital Region	1.2%	0.5%	1.2%
Central New York	0.4%	0.4%	0.9%
Finger Lakes	0.7%	0.9%	0.4%
Long Island	1.3%	1.5%	1.1%
Mid-Hudson	1.2%	0.8%	1.1%
Mohawk Valley	0.6%	1.0%	2.0%
New York City	1.1%	1.2%	0.9%
North Country	0.3%	0.2%	0.6%
Southern Tier	0.9%	0.5%	0.6%
Western New York	0.9%	1.2%	0.9%

এছাড়াও গভর্নর আরও 534 জন নতুন নভেল করোনাভাইরাসে আক্রান্ত রোগীর সংখ্যা নিশ্চিত করেছেন, যার মাধ্যমে নিউ ইয়র্ক স্টেটে স্টেটজুড়ে আক্রান্ত রোগীর সর্বমোট সংখ্যা হলো 412,878 জন। মোট 412,878 জন ব্যক্তি যারা ভাইরাসের জন্য পরীক্ষায় পজিটিভ শনাক্ত হয়েছেন, তাদের ভৌগলিক বিষদ তথ্য নিম্নরূপ:

কাউন্টি	মোট আক্রান্ত	নতুন আক্রান্ত
Albany	2,468	15
Allegany	74	0
Broome	992	6

Cattaraugus	153	0
Cayuga	140	0
Chautauqua	219	1
Chemung	160	0
Chenango	203	0
Clinton	123	3
Columbia	504	1
Cortland	89	2
Delaware	99	1
Dutchess	4,447	7
Erie	8,364	37
Essex	55	0
Franklin	47	3
Fulton	270	0
Genesee	266	0
Greene	283	1
Hamilton	7	0
Herkimer	236	2
Jefferson	128	0
Lewis	34	0
Livingston	162	0
Madison	391	1
Monroe	4632	12
Montgomery	152	4
Nassau	43,059	42
Niagara	1424	0
NYC	224,249	198
Oneida	2,028	18
Onondaga	3,419	21
Ontario	345	2
Orange	11,024	14
Orleans	290	0
Oswego	239	0
Otsego	105	2
Putnam	1,412	4
Rensselaer	690	3

Rockland	13,845	4
Saratoga	691	3
Schenectady	998	8
Schoharie	68	0
Schuyler	20	0
Seneca	84	1
St. Lawrence	258	0
Steuben	289	1
Suffolk	43,024	57
Sullivan	1476	0
Tioga	180	0
Tompkins	225	0
Ulster	1942	16
Warren	298	4
Washington	254	0
Wayne	243	0
Westchester	35,838	39
Wyoming	111	1
Yates	52	0

গতকাল নিউ ইয়র্ক স্টেটে COVID-19 এর কারণে 9 জনের মৃত্যু হয়েছে, যার ফলে মোট এসে দাঁড়িয়েছে 25,126 এ। একটি ভৌগলিক বিশদ ব্যাখ্যানিম্নরূপ, কাউন্টি অফ রেসিডেন্স অনুযায়ী:

কাউন্টি অফ রেসিডেন্স অনুযায়ী মৃত্যু	
কাউন্টি	**নতুন মৃত্যু**
Albany	1
Bronx	1
Broome	1
Kings	2
Oneida	1
Onondaga	1
Queens	2

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন